# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**15 JULY 2026** **7:45—7:55 PM**

---

(১) রাজ্যে বিগত দশ বছরে দারিদ্রের হার ১৪ শতাংশ হ্রাস পেয়েছে বলে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মার বিধানসভায় মন্তব্য/

(২) শিলচরের গুরুচরণ বিশ্ববিদ্যালয়ের প্রথম প্রতিষ্ঠা বার্ষিকী আজ এই বিশ্ববিদ্যালয়ের প্রেক্ষাগৃহে যথাযোগ্য মর্যাদায় উদযাপন/

(৩) শিলচর পৌর নিগম নির্বাচন-২০২৬ এর জন্য চূড়ান্ত ভোটার তালিকা আজ প্রকাশিত/

এবং

(৪) ফিফা বিশ্বকাপ ফুটবলের দ্বিতীয় সেমিফাইনালে আজ আর্জেন্টিনা ও ইংল্যান্ড পরস্পরের মুখোমুখি/

এদিকে এই প্রতিযোগিতার সেমি ফাইনাল এবং ফাইনাল খেলার সরাসরি সম্প্রচার উপভোগ করার জন্য আজ রাত, আগামী ১৯ এবং বিশে জুলাই সব রেস্তোরা রাত সাড়ে তিনটে পর্যন্ত খোলা রাখা যাবে বলে মুখ্যমন্ত্রীর নির্দেশ/

---

আসাম বিধানসভার বাজেট অধিবেশনের আজ অষ্টম দিনে গুয়াহাটী মহানগরীকে পার্পল সিটি হিসেবে গড়ে তোলার বিষয় নিয়ে আলোচনা অনুষ্ঠিত হয়েছে ।এই সম্পর্কে বিধায়ক প্রদ্যুৎ বরদলৈয়ের উত্থাপন করা এক প্রশ্নের উত্তরে গৃহ নির্মাণ এবং নগর পরিক্রমা বিভাগের মন্ত্রী কৌশিক রাই বলেন যে রাজ্যের সমৃদ্ধ সাংস্কৃতিক পরিচয় এবং ঐতিহ্যের প্রতীক হিসেবে পরিচিত কপৌ ফুলের হালকা বেগুনী রঙে সমগ্র গুয়াহাটী

শহর সাজিয়ে তোলার জন্য গুয়াহাটী নপৌর নিগম সিদ্ধান্ত গ্রহণ করেছে । তিনি বলেন যে রাজস্থানের পিংক সিটি জয়পুরের অনুকরণে গুয়াহাটীকে পার্পল সিটি হিসেবে গড়ে তুলতে গুয়াহাটী পৌর নিগম ইতিমধ্যে সব ওয়ার্ডের নাগরিক সমিতি , উন্নয়ন সমিতি তথা স্থানীয় প্রশাসন ইত্যাদির কাছে স্বেচ্ছামূলকভাবে এই পদক্ষেপে অংশগ্রহণ করার আহ্বান জানান । বিধানসভায় মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা জানান যে এই পদক্ষেপের অংশ হিসেবে জালুকবারী থেকে খানাপারা পর্যন্ত জাতীয় সড়কের দুই পাশে বৃহৎ পরিসরে গাছের চারা রোপন করার পরিকল্পনা করা হচ্ছে ।

মুখ্যমন্ত্রী যোরাবাটের বন্যা সমস্যার প্রসঙ্গে বলেন যে গুয়াহাটীর রিংরোড প্রকল্পটই যাতায়াত ব্যবস্থা উন্নত করা সহ এই বন্যা সমস্যা সমাধানের ক্ষেত্রেও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে ।এই প্রকল্পের জন্য ইতিমধ্যে ১৫০ কোটি টাকা মঞ্জুর করা হয়েছে এবং এই প্রকল্পের নক্সা প্রস্তুত করা হচ্ছে বলে মুখ্যমন্ত্রী জানান ।আই আই টি গুয়াহাটীর বিশেষজ্ঞের সহায়তায় বৈজ্ঞানিকভাবে নক্সা পরীক্ষা করে রিংরোড প্রকল্পের কাজ এগিয়ে নিয়ে যাওয়া হবে বলে মুখ্যমন্ত্রী জানান ।

বিধানসভায় আজ পি এম কিষাণ প্রকল্পের ঋণের বিষয় নিয়ে বিধায়ক চক্রধর গগৈর এক প্রশ্নের উত্তরে কৃষিমন্ত্রী পীযুষ হাজারিকা বলেন যে এপর্যন্ত ১৮ লক্ষ ৫৯ হাজার কৃষক পি এম কিষাণ প্রকল্পের অধীনে অর্থ লাভ করেছেন । কেন্দ্রীয় সরকারের উচ্চকাঙ্খামূলক কৃষি পরিকাঠামো তহবিলের মাধ্যমে রাজ্যের উদ্যমী কৃষকদের সহায়তা করার জন্য রাজ্য সরকার প্রয়াস অব্যাহত রেখেছে ।

------------------------------------------------------------------------------------

রাজ্যপাল লক্ষ্মণ প্রসাদ আচার্য আজ ডিব্রুগড়ের মাইজানের নাগাঘুলি ঘাটের জলসম্পদ প্রকল্প পরিদর্শন করেন এবং বন্যা নিয়ন্ত্রণ ও ধস প্রতিরোধের জন্য গ্রহণ করা সাম্প্রতিক ব্যবস্থা সমূহ খতিয়ে দেখেন । পরিদর্শনকালে রাজ্যপাল শ্রী আচার্য জলসম্পদ বিভাগের আধিকারিকদের সঙ্গে প্রকল্পটির সুরক্ষা ও স্থায়িত্বের বিষয়ে আলোচনা করেছেন ।

------------------------------------------------------------------------------------

সারা আসাম বিচার বিভাগীয় কর্মচারী সংস্থা তাদের ১৩ দফা দাবির সমর্থনে আজ থেকে রাজ্যব্যাপী দুদিনের কর্মবিরতি পালন করছে । শেট্টি কমিশনের পরামর্শবলীর ভিত্তিতে সুপ্রীম কোর্টের প্রদান করা নির্দেশ সম্পূর্ণভাবে কার্যকর না করার প্রতিবাদ সহ অন্যান্য দাবিতে বিচারবিভাগীয় কর্মচারীরা এই প্রতিবাদ সাব্যস্ত করছেন ।

সংগঠনটির শ্রীভূমি জেলা ইউনিটের পক্ষ থেকে আজ জেলা আদালত সংলগ্ন অফিসপাড়ায় বিক্ষোভ কর্মসূচির মাধ্যমে কর্মবিরতি কার্যসূচির সূচনা করা হয়েছে ।

দুদিনের এই আন্দোলন কর্মসূচিতে সংস্থার শিলচর শাখার কর্মচারীরাও অংশগ্রহণ করেছেন । শিলচর-তারাপুরের পারিবারিক আদালতের কর্মচারীরা আজ কর্মবিরতি এবং অসহযোগ কর্মসূচি পালন করেছেন । সংগঠনটির কর্মকর্তারা অভিযোগ করে জানিয়েছেন যে- দীর্ঘদিন ধরে তাদের ন্যায্য দাবি উপেক্ষিত থাকায় এবং শেট্টি কমিশনের সুপারিশ বাস্তবায়ন সঠিভাবে না হওয়ায় এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে । তাদের কর্মবিরতির সময়ে শুধুমাত্র জরুরি পরিষেবা এবং আদালতের অনিবার্য কাজকর্ম কার্যকর থাকবে । তবে অন্যান্য প্রশাসনিক কাজকর্ম সাময়িকভাবে বন্ধ থাকবে বলে কর্মকর্তারা জানিয়েছেন ।

এদিকে হাইলাকান্দি জেলা আদালতের কর্মচারীরাও আজ থেকে দুদিনের পেন-ডাউন আন্দোলন কার্যসূচি আরম্ভ করেছেন । এই আন্দোলনের ফলে হাইলাকান্দি জেলা আদালতের দৈনন্দিন কাজকর্ম যথেষ্ট ব্যহত হয়েছে । আদালতের সকল শাখার কর্মচারীরা এই কার্যসূচিতে অংশগ্রহণ করেন । তাদের দাবিগুলির মধ্যে রয়েছে- আদালতের কর্মচারীদের জন্যে পৃথক সেবা বিধি প্রণয়ন করা, তাদের বেতনের অসঙ্গতি দূর করা, শূন্য পদ সৃষ্টি এবং পূরণ, কর্মচারীদের চিকিৎসা ব্যয় ফেরত দেওয়া, ফিক্সড্ টি এ বৃদ্ধি করা, নতুন পেনশন প্রকল্পের সকল কর্মচারীকে পুরনো পেনশন প্রকল্পের আওতায় আনা ইত্যাদি । সংগঠনটির এক কর্মকর্তা এই বিষয়ে বলেন--

#বাইট# (হাইলাকান্দি)

---------------------------------------------------------------------------------------

শিলচরের গুরুচরণ বিশ্ববিদ্যালয়ের প্রথম প্রতিষ্ঠা বার্ষিকী আজ এই বিশ্ববিদ্যালয়ের প্রেক্ষাগৃহে যথাযোগ্য মর্যাদায় উদযাপন করা হয়েছে । আজ সকালে বিশ্ববিদ্যালয়ের পতাকা উত্তোলনের মাধ্যমে অনুষ্ঠানের সূচনা করেছেন উপাচার্য অধ্যাপক নিরঞ্জন রায়। এই উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রাজ্য পুলিশের প্রাক্তন মহাপরিদর্শক এবং বর্তমানে আসাম সরকারের ফরেনসিক বিষয়ক পরামর্শদাতা দিলীপ কুমার দে । এতে কিরণশশি নাগ স্মারক বক্তৃতার মুখ্য বক্তা হিসেবে উপস্থিত ছিলেন কর্ণাটক রাজ্য মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক শ্রীমতি জ্যোতিশঙ্কর । এছাড়া এতে এই বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক নিরঞ্জন রায়,

নিবন্ধক ডঃ বিদ্যুৎ কান্তি পাল, বিশ্ববিদ্যালয়ের ডিন অব ফ্যাকাল্টিস, বিভাগীয় প্রধানগণ, অধ্যাপক-অধ্যাপিকাগণ, কর্মচারী, অভিভাবক, শিক্ষার্থী সহ সমাজের বিভিন্ন স্তরের প্রতিষ্ঠিত ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন । আজ বিশ্ববিদ্যালয়ের প্রাক্তনীদের কার্যালয়েরও উদ্বোধন করা হয়েছে । অনুষ্ঠানের শুরুতে বিশ্ববিদ্যালয়ের গণজ্ঞাপন বিভাগের প্রযোজিত 'গুরুচরণ ইউনিভার্সিটি : টুয়ার্ডস এক্সেলেন্স' শীর্ষক একটি তথ্যচিত্র প্রদর্শিত হয় । পরে কিরণশশি নাগ স্মারক বক্তৃতায় বক্তব্য রাখতে গিয়ে অধ্যাপক শ্রীমতি জ্যোতিশঙ্কর ব্রহ্মবাদিনী থেকে শুরু করে কৃত্রিম বুদ্ধিমত্তার যুগ পর্যন্ত নারীদের আন্তরিক ও বৌদ্ধিক শক্তি নিয়ে বিস্তৃত আলোচনা করেন । তিনি কৃত্রিম বুদ্ধিমত্তার উপর সম্পূর্ণ ভরসা না করে নিজেদের বুদ্ধিমত্তার উপর আস্থা রাখার আহ্বান জানান । ভারতবর্ষের বৈজ্ঞানিক গবেষণায় নারীদের ভূমিকার কথা স্মরণ করে তিনি বর্তমান সময়ে প্রযুক্তি, উদ্ভাবন এবং মূল্যবোধ ভিত্তিক শিক্ষার সমন্বয়ের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের ঔৎকর্ষ বৃদ্ধি করার উপর গুরুত্ব আরোপ করেন ।

---

শিলচর পৌর নিগম নির্বাচন ২০২৬ এর চূড়ান্ত ভোটার তালিকা আজ প্রকাশ করা হয়েছে ।খসড়া ভোটার তালিকার দাবী আপত্তি নিষ্পত্তি করার পর পৌর নিগমের ৪২ টি ওয়ার্ডের ২ লক্ষ ৭০ হাজারেরও বেশী লোককে অর্ন্তভুক্ত করে এই চূড়ান্ত ভোটার তালিকা আজ প্রকাশ করা হয়েছে । এই তালিকা অনুযায়ি শিলচর পৌর নিগম এলাকায় মোট ভোটারের সংখ্যা ২ লক্ষ ৭০ হাজার ৭৭৪ । এর মধ্যে ১ লক্ষ ২৯ হাজার ৮৭৮ জন পুরুষ ভোটার , ১ লক্ষ ৪০ হাজার ৮৮৫ জন মহিলা ভোটার এবং ১১ জন তৃতীয় লিংগের ভোটার রয়েছেন ।এই চূড়ান্ত ভোটার তালিকা জেলা প্রশাসনের ওয়েবসাইটে পাওয়া যাবে ।

---

ফিফা বিশ্বকাপ ফুটবল প্রতিযোগিতায় আজ রাতে দ্বিতীয় সেমি ফাইনালে আর্জেন্টিনা, ইংল্যান্ডের বিরুদ্ধে অবতীর্ণ হবে । ভারতীয় সময় রাত সাড়ে বারোটায় খেলা আরম্ভ হবে । এই প্রতিযোগিতায় গত রাতে ডালাস স্টেডিয়ামে অনুষ্ঠিত প্রথম সেমি ফাইনালে ফ্রান্সকে ২-০ গোলে পরাজিত করে স্পেইন ফাইনালে প্রবেশ করেছে । এদিকে সেমি ফাইনালে পরাজিত দুটি দল আগামী ১৯শে জুলাই মিয়ামিতে তৃতীয় স্থানের জন্য প্লে-অফ খেলায় অবতীর্ণ হবে । উল্লেখ্য- আগামী ২০শে জুলাই নিউইয়র্কের নিউ জার্সি স্টেডিয়ামে ফিফা বিশ্বকাপ ফুটবল প্রতিযোগিতার ফাইনাল খেলা অনুষ্ঠিত হবে ।

---

ফিফা বিশ্বকাপ ফুটবল প্রতিযোগিতার সেমি-ফাইনাল ও ফাইনাল খেলার সরাসরি সম্প্রচার যাতে ফুটবল প্রেমীরা নিরাপদ ও স্বাচ্ছন্দ্যে উপভোগ করতে পারেন তার জন্য কাছাড় জেলা প্রশাসন থেকে আজ রাত, আগামী ১৯ ও ২০ জুলাই রেস্তোরা ভোর রাত সাড়ে তিনটে পর্যন্ত খোলা রাখা যাবে বলে জানানো হয়েছে। মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা মধ্য রাতের ফুটবল খেলাগুলি উপভোগ করার জন্য রেস্তোরাগুলি তাদের নির্ধারিত সময়ের বেশি ভোর রাত সাড়ে তিনটে পর্যন্ত খোলা রাখার নির্দেশ দিয়েছেন।

---------------------------------------------------------------------------------------

রাজ্যের সাংস্কৃতিক পরিক্রমা বিভাগের উদ্যোগে এবং হাইলাকান্দি সাংস্কৃতিক কেন্দ্রের ব্যবস্থাপনায় আজ থেকে জেলার চারটি বিদ্যালয়ে ১৫ দিনব্যাপী গ্রীষ্মকালীন সাংস্কৃতিক কর্মশালা শুরু হয়েছে । কর্মশালায় নৃত্য , সঙ্গীত , নাটক , অংকন সহ বিভিন্ন বিষয়ে প্রশিক্ষন প্রদান করা হবে । হাইলাকান্দি শহরের সরকারী ভিক্টোরিয়া মেমোরিয়াল হায়ার সেকেন্ডারী স্কুলে আয়োজিত উদ্বোধনী অনুষ্ঠানে জেলা পরিষদ সদস্য অঞ্জন নাথ , সহকারী আয়ুক্ত প্রসেনজিৎ দে , বিদ্যালয়ের উপাধ্যক্ষ চিরঞ্জীব সিং প্রমূখ উপস্থিত ছিলেন ।

উল্লেখ্য শিক্ষার্থীদের মধ্যে শিল্প-সংস্কৃতির চর্চা , সৃজনশীল প্রতিভার বিকাশ এবং সাংস্কৃতিক ঐতিহ্যের প্রতি আগ্রহ বৃদ্ধি করা এই কর্মশালার মূল্য লক্ষ্য ।

---------------------------------------------------------------------------------------